

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা


স্মারক নং- ৪৬.০১৭.০২২.০০.০০.০১১.২০১৩- ৬৮৬

তারিখ : ১৬.০৯.২০১৩ইং।

বিষয়ঃ- ইউনিয়ন পরিষদসমূহকে বিভক্তকরণের নীতিমালা।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানাচ্ছি যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১০১ ধারা অনুযায়ী স্থানীয় সরকার বিভাগের ২৫ আগস্ট, ২০০২ খ্রিঃ তারিখের প্রজ্ঞাই-৩/১ইউপি-২/৯৮/৭১১ নম্বর স্মারকে জারিকৃত ইউনিয়ন পরিষদসমূহকে বিভিন্ন কারণে বিভক্ত করণের নীতিমালা বাতিলপূর্বক নিম্নবর্ণিত আদেশ জারি করা হইল :

- (১) স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ১১(৪) এর ক্ষমতাবলে সরকার ইউনিয়ন পরিষদ গঠনের ক্ষেত্রে জনসংখ্যা কমপক্ষে ২০ হাজার এবং আয়তন কমপক্ষে ২০ বর্গ কিলোমিটার নির্ধারণ করিল ;
- (২) নতুন ইউনিয়ন গঠনের ক্ষেত্রে ইউনিয়নের বাৎসরিক নিজস্ব আয়ের পরিমাণ ন্যূনতম ৫ (পাঁচ) লক্ষ টাকা হইতে হইবে;
- (৩) ইউনিয়ন পরিষদ গঠন/বিভক্তকরণ এর আবেদন সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর নিকট দাখিল করিতে হইবে। উপজেলা নির্বাহী অফিসার জনসংখ্যা, আয়তন, বাৎসরিক আয়ের উৎস ইত্যাদি সম্পর্কিত উপরের শর্ত পূরণ হইলে এই বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করিবার জন্য জেলা প্রশাসকের নিকট প্রস্তাব প্রেরণ করিবেন ;
- (৪) জেলা প্রশাসক উপজেলা নির্বাহী অফিসারের নিকট থেকে প্রাপ্ত প্রস্তাব সম্পর্কে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ১১ অনুসারে কার্যক্রম গ্রহণ করিবেন;
- (৫) কোন ইউনিয়নের আংশিক এলাকা পৌরসভা/সিটি কর্পোরেশনে অন্তর্ভুক্ত হইলে, অথবা নদী ভাংগন বা অন্য কোন প্রাকৃতিক দুর্যোগে আংশিক এলাকা বিলুপ্ত হইলে সংশ্লিষ্ট ইউনিয়নের জনসংখ্যা ও আয়তন হ্রাস পাইয়া ১নং অনুচ্ছেদে বর্ণিত পরিমাণের কম হইলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক উক্ত ইউনিয়ন নিকটবর্তী এক বা একাধিক ইউনিয়নের সাথে সংযুক্ত করে ইউনিয়ন গঠন করিতে পারিবেন।
- (৬) ইতিমধ্যে যে সকল ইউনিয়নে আয়তন ও জনসংখ্যা হ্রাস পাইয়াছে সেগুলির পুনর্গঠনের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবেন।
- (৭) অনুচ্ছেদ (৫) অথবা (৬) এর বিষয়ে কার্যক্রম গ্রহণ করিবার সময় ঐ এলাকার জনগোষ্ঠীকে অবহিত করিয়া তাহাদের কোন আপত্তি থাকিলে উক্ত বিষয়ে শুনানী গ্রহণ করিয়া উহা নিষ্পত্তি করিতে হইবে। আপত্তি শুনানীর কার্যক্রমের রেকর্ড সংরক্ষণ করিতে হইবে এবং সিদ্ধান্তের অনুকূলে যৌক্তিকতা সুস্পষ্টভাবে লিপিবদ্ধ করিতে হইবে।


(আবু তাহের মুহাম্মদ জাবের)
উপ- সচিব
ফোনঃ ৯৫৮৬৬০৫।

বিতরণঃ


১. জেলা প্রশাসক,.....(সকল)।
২. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা....., জেলা.....।
৩. চেয়ারম্যান,.....ইউনিয়ন পরিষদ, উপজেলা....., জেলা.....।

স্মারক নং- ৪৬.০১৭.০২২.০০.০০.০১১.২০১৩, ৬৮৬

তারিখ : ১৬.০৯.২০১৩ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা
২. মহাপরিচালক, এনআইএলজি, আগারগাঁও, ঢাকা।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ.....(সকল)।
৪. প্রকল্প পরিচালক, ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।


(আবু তাহের মুহাম্মদ জাবের)
উপ- সচিব
ফোনঃ ৯৫৮৬৬০৫।